জুবের আহমদ সার্জন’র “সতর্ক সংকেত’’ বইয়ের পাঠ আলোচনা

ডেস্ক রিপোর্ট: জুবের আহমদ সার্জন’র লেখা “সতর্ক সংকেত’’ বইয়ের পাঠ আলোচনা ও তাঁর জন্মদিন পালন অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। বুধবার (২০ জানুয়ারি) সন্ধ্যা ৬টায় নগরীর আম্বরখানাস্থ জসিম বুক হাউজের গ্রন্থ বিপনন কেন্দ্রে এই অনুষ্ঠান হয়।
কবি ও ছড়াকার অজিত রায় ভজনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কবি ও মহিলা কাউন্সিলর নাজনীন আক্তার কনা।
কবি কিবরিয়া জান্নাত প্রিয়ার সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত হিসেবে ছিলেন আব্দুল গফুর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মো. আতিকুর রহমান, লোক গবেষক আবু সালেহ আহমদ, সাহিত্য সেবা জসিম বুক হাউজের সভাপতি ছয়ফুল আলম পারুল। স্বাগত বক্তব্য রাখেন জসিম বুক হাউজ প্রকাশনির প্রকাশক ও স্বত্ত্বাধিকারী মো. জসিম উদ্দিন। মূল প্রবন্ধ পাঠ করেন কবি সম্রাট তারেক। এছাড়াও উপস্থিত ছিলেন ও বক্তব্য রাখেন; অক্ষর সম্পাদক আবদুর রহমান জামী।কবি ও গীতিকার এইচ আই হামিদ, কবি লুৎফা আহমদ লিলি, কবি শাহিনা জালালী পিয়ারা, লেখক পুত্র সৈয়দ ফেরদৌস আহমদ জিলানী, কবি রোকসানা বেগম, কবি কামাল আহমদ, নাজমা বেগম, জালাল উদ্দিন, শাহাব উদ্দিন সাবু, শাব্বির আহমদ অপুু, হাবিবা আক্তার প্রমুখ।